



## জনগণনা সংক্রান্ত প্রশ্নাবলীর কাজ পরিচালনা করা সম্পর্কিত ঘোষণা



জাপান সরকার আগামী ১লা অক্টোবর, ২০২০ থেকে জনগণনা সংক্রান্ত প্রশ্নাবলীর কাজ পরিচালনা করবে।

সেপ্টেম্বরের মাঝামাঝি থেকে জরিপ কর্মীরা আপনাদের সকলের বাড়িতে বাড়িতে গিয়ে, জনগণনা সংক্রান্ত প্রশ্নাবলীর ফর্ম বিতরণ করবে।

জনগণনা সংক্রান্ত প্রশ্নাবলীর ফলাফল, বিদেশীরা সহজে জীবন যাপন করতে সক্ষম এমন শহর গড়ে তোলা ইত্যাদির ব্যবস্থা এবং নীতিমালার জন্য ব্যবহার করা হয়।

জাতীয়তা নির্বিশেষে, জাপানে ৩ মাসেরও বেশি সময় ধরে বসবাসকারী ব্যক্তি অথবা ৩ মাসেরও বেশি সময় বসবাসের পরিকল্পনা রয়েছে এমন ব্যক্তি জনগণনা সংক্রান্ত প্রশ্নাবলীর জন্য যোগ্য ব্যক্তি বলে বিবেচিত হবেন।

যোগ্য ব্যক্তির জন্য উত্তর প্রদান করার বাধ্যবাধকতা রয়েছে, তাই দয়া করে অবশ্যই উত্তর প্রদান করবেন।

উত্তরের বিষয়বস্তু পরিসংখ্যান তৈরি করার জন্য ব্যবহৃত হবে, অভিভাসন নিয়ন্ত্রণ বা পুলিশের তদন্ত ইত্যাদির মত অন্য কোন উদ্দেশ্যে ব্যবহার করা হবে না।

আপনি অনলাইনে জনগণনা সংক্রান্ত প্রশ্নাবলীর উত্তর প্রদান করতে পারবেন।

৭ অক্টোবরের (বুধবার) মধ্যে অবশ্যই ইন্টারনেটের মাধ্যমে উত্তর প্রদান করার জন্য অনুরোধ করা হচ্ছে।

※জাপানি, ইংরেজি, চীনা (সরলীকৃত এবং ঐতিহ্যবাহী), কোরিয়ান, ভিয়েতনামী, স্পেনীয় এবং পর্তুগিজ ভাষায় ইন্টারনেটের মাধ্যমে উত্তর প্রদান করতে পারবেন।

যদি ৭ অক্টোবর, বুধবারের মধ্যে আপনার উত্তর নিশ্চিত না হয়, তাহলে জনগণনা সংক্রান্ত প্রশ্নাবলীর কর্মী আপনার উত্তরের জন্য অনুরোধ করবেন।

জনগণনা সংক্রান্ত প্রশ্নাবলীর ফর্মের বিষয়বস্তু বুঝতে না পারলে অথবা জনগণনা সংক্রান্ত প্রশ্নাবলীর ফর্ম গ্রহণ করে না থাকলে, দয়া করে জনগণনা সংক্রান্ত প্রশ্নাবলী (সেন্সাস) কল সেন্টারে যোগাযোগ করুন।

জনগণনা সংক্রান্ত প্রশ্নাবলী ২০২০ এর সমন্বিত সাইট

<https://www.kokusei2020.go.jp/>

বাংলা ভাষায় জনগণনা সম্পর্কিত ব্যাখ্যা ১ সেপ্টেম্বর (মঙ্গলবার) থেকে নিম্নলিখিত QR কোড, URL গিয়ে দেখতে পারবেন।

<https://www.kokusei2020.go.jp/household/language/bengali.html>



জনগণনা সংক্রান্ত প্রশ্নাবলী (সেন্সাস) কল সেন্টার: ০৫৭০-০৭-২০২০

স্থাপনের সময়কাল : ৭ সেপ্টেম্বর (সোমবার) ~ ৩১ অক্টোবর (শনিবার)

খোলার সময়: সকাল ৮:০০ টা থেকে রাত ৯:০০ টা পর্যন্ত

※অপারেটর জাপানি ভাষায় উত্তর প্রদান করবে, তবে বিদেশী ভাষায়ও উত্তর প্রদান করা সম্ভব হয়।

国勢調査  
2020